



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

স্মারক নং :- সিশিবো/পনি/জেএসসি/২০১৯/১৮৯

তারিখঃ ১৭ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
০২ অক্টোবর ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রেরক : পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

প্রাপক : কেন্দ্র সচিব
জে এস সি পরীক্ষা-২০১৯
সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কেন্দ্র।

বিষয় : ২০১৯ সালের জে এস সি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নীতিমালা অনুযায়ী কেন্দ্র কমিটি গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের জে এস সি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে জে এস সি পরীক্ষা পরিচালনা নীতিমালা অনুযায়ী প্রত্যেক কেন্দ্রে পরীক্ষা পরিচালনার জন্য কেন্দ্র কমিটি নামে ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করতে হবে। কেন্দ্র কমিটি নিম্নরূপভাবে গঠিত হবে।

১. চেয়ারম্যানঃ জেলা সদরের জন্য জেলা প্রশাসক, উপজেলা ও অন্যান্য স্থানের কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা।
২. সদস্যবৃন্দঃ
 - (ক) জেলা শিক্ষা অফিসার (জেলা সদরের জন্য)/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(উপজেলার ক্ষেত্রে)।
 - (খ) সরকারি বিদ্যালয়ের প্রধান শিক্ষক -০১ জন ও বেসরকারি বিদ্যালয় এর প্রধান শিক্ষক-০১ জনসহ মোট ০২ জন সদস্য হতে পারবেন।
৩. সদস্য সচিব : কেন্দ্র সচিব কমিটির সদস্য সচিব হবেন। (ছেলে মেয়ে পরীক্ষার্থী না থাকলে মূল কেন্দ্র প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক কেন্দ্র সচিব হবেন)।

উপরোক্ত নিয়মে কমিটি গঠনপূর্বক পরীক্ষার মালামাল গ্রহণের দিন পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে তা জমা দিতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মোঃ কবির আহমদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

স্মারক নং :- সিশিবো/পনি/জেএসসি/২০১৯/১৮৯

তারিখ : ০২/১০/২০১৯ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ জেলার সকল উপজেলা।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ৪। সংরক্ষণ নথি।